# সংশ্লিষ্ট কর্মচারী কর্তৃক করণীয় বিষয়াবলী

**একনজরে-**

নিম্নে বর্ণিত বিষয়ে বেতন নির্ধারণের জন্য সংশ্লিষ্ট কর্মচারীকে 'অনলাইন বেতন নির্ধারণী' সিস্টেমের মাধ্যমে ফরম পূরণ করে ২টি প্রিন্ট কপিসহ হিসাবরক্ষণ অফিসে প্রেরণ করতে হবে। এসকল অপশনসমূহের সংক্ষিপ্ত বিবরণ

- **চলমান বেতন নির্ধারণী (০১/০৭/২০১৫ তারিখের বেতন নির্ধারণ):** ৩০/৬/২০১৫ তারিখের বেতনের ভিত্তিতে ১/৭/২০১৫ তারিখের বেতন নির্ধারণের জন্য এই অপশন ব্যবহৃত হবে।
- **নতুন নিয়োগ:** ১.৭.২০১৫ তারিখ হতে সরকারি চাকুরীতে নিয়োগপ্রাপ্ত কর্মচারিদের বেতন নির্ধারণের জন্য এই অপশন ব্যবহৃত হবে।
- **নতুন নিয়োগ (বেতন সংরক্ষণ):** ১.৭.২০১৫ তারিখের 'চলমান' বেতন নির্ধারণী প্রতিপাদিত হওয়ার পর কোন কর্মচারি পূর্বের চাকরি হতে ইস্তফা দিয়ে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নতুন চাকুরিতে যোগদান করলে এবং উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক তাঁর পূর্বের চাকুরীর বেতন এবং চাকুরীকাল সংরক্ষণ করা হলে এই অপশনের মাধ্যমে তাঁদের বেতন নির্ধারণ করতে হবে।
- **পদোন্নতি:** ১.৭.২০১৫ তারিখ হতে পদোন্নতিপ্রাপ্ত কর্মচারিদের বেতন নির্ধারণের জন্য এই অপশন ব্যবহৃত হবে।
- **টাইম স্কেল:** ১.৭.২০১৫ তারিখ হতে ১৪.৭.২০১৫ পর্যন্ত সময়ে প্রাপ্য টাইম স্কেল এর বেতন নির্ধারণের জন্য এই অপশন ব্যবহৃত হবে।
- **সিলেকশন গ্রেড:** ১.৭.২০১৫ তারিখ হতে ১৪.৭.২০১৫ পর্যন্ত সময়ে প্রাপ্য সিলেকশন গ্রেড স্কে লে বেতন নির্ধারণের জন্য এই অপশন ব্যবহৃত হবে।
- **বেতন পুনঃনির্ধারণ:** ১.৭.২০১৫ তারিখের বেতন নির্ধারণের পর ৩০.৬.২০১৫ তারিখের পূর্বে টাইম স্কেল, সিলেকশন গ্রেড ইত্যাদি প্রাপ্তির কারনে ৩০.৬.২০১৫ তারিখের প্রাপ্য বেতনে পরিবর্তন হলে এই অপশনের মাধ্যমে বেতন নির্ধারণ করতে হবে। এজন্য প্রথমে সার্ভিসবুক/অডিট রেজিস্টারে পরিবর্তীত বেতন এন্ট্রি করতে হবে।
- **উচ্চতর গ্রেড:** পদোন্নতি ব্যতিরেকে একই পদে ১০/১৬ বছর পূর্তিতে প্রাপ্য উচ্চতর গ্রেডে বেতন নির্ধারণের জন্য জন্য এই অপশন ব্যবহৃত হবে। উচ্চতর গ্রেডে বেতন নির্ধারণের পূর্বে অবশ্যই অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত 'জাতীয় বেতনস্কেল,২০১৫ স্পষ্টিকরণ' সংক্রান্ত ২১/৯/২০১৬ তারিখের পরিপত্র অনুযায়ী উচ্চতর গ্রেড প্রাপ্তির অফিস আদেশ জারি হতে হবে।

নিম্নে বর্ণিত বেতন নির্ধারণী বিষয়ে 'অনলাইন বেতন নির্ধারণী' সিস্টেমের মাধ্যমে কোন ফরম পূরণ করতে হবে না। প্রয়োজনীয় অফিস আদেশসহ সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিসের সাথে যোগাযোগ করে এসকল কাজ সম্পন্ন করতে হবে।

- **সমপদে উচ্চতর স্কেল:** চাকুরীর শর্ত মোতাবেক যে সকল কর্মচারী চাকুরী সংশ্লিষ্ট ডিগ্রি (যেমন ডিটিআই, বিএড ইত্যাদি) অর্জন করলে সমপদে উচ্চতর গ্রেড প্রাপ্য হন তাদের এই সুবিধা পাওয়ার জন্য প্রয়োজনীয় অফিস আদেশসহ সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিসের সাথে যোগাযোগ করতে হবে।
- **দক্ষতাবৃদ্ধিজনিত ইনক্রিমেন্ট:** যে সকল কর্মচারী চাকুরীর শর্ত মোতাবেক দক্ষতা অর্জনের পরীক্ষায় পাশ করলে অতিরিক্ত প্রাপ্য হন (যেমন স্টেনো, স্টেনো টাইপিস্ট ইত্যাদি) তাঁদের অতিরিক্ত ইনক্রিমেন্ট পাওয়ার জন্য প্রয়োজনীয় অফিস আদেশসহ সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিসের সাথে যোগাযোগ করতে হবে।
- **৮ম-৯ম গ্রেডে বেতন পুনঃনির্ধারণ:** ১.৭.২০১৫ তারিখে ৯ম গ্রেডে কর্মরত যে সকল ক্যাডারভূক্ত কর্মচারীদের বেতন ৮ম গ্রেডে নির্ধারিত হয়েছিল, সরকারি সিদ্ধান্ত মোতাবেক তাঁদের বেতন ৮ম গ্রেড হতে ৯ম গ্রেডে স্বয়ংক্রিয়ভাবে পুনঃনির্ধারণ করা হয়েছে। একই সাথে ১৫.১২.২০১৫ এবং ১.৭.২০১৬ তারিখের প্রাপ্য ইনক্রিমেন্টও প্রদান করা হয়েছে। সংশ্লিষ্ট কর্মচারীগণকে হিসাবরক্ষণ অফিস হতে পুনঃনির্ধারিত ও প্রতিপাদিত বেতন নির্ধারণী বিবরণীটি সংগ্রহ করতে হবে।

  তবে, ১.৭.২০১৫ তারিখের বেতন নির্ধারণের পর যে সকল কর্মচারী সিলেকশন গ্রেড ইত্যাদি পেয়েছেন, তাঁদের প্রদত্ত সিলেকশনসহ ১৫.১২.২০১৫ ও ১.৭.২০১৬ তারিখের ইনক্রিমেন্ট বাতিল করে ৮ম গ্রেড হতে ৯ম গ্রেডে ১.৭.২০১৫ তারিখের বেতন পুনঃনির্ধারণ করাতে হবে। এরপর পুনরায় হিসাবরক্ষণ অফিসে সিলেকশন গ্রেডে বেতন নির্ধারণী

দাখিল করে তা' প্রতিপাদন এবং প্রাপ্যতা সাপেক্ষে ১৫.১২.২০১৫ ও ১.৭.২০১৬ তারিখের ইনক্রিমেন্ট যোগ করাতে হবে।

- **১৫/১২/২০১৫ তারিখের ইনক্রিমেন্ট নবায়ন:** ইনক্রিমেন্ট প্রাপ্য হওয়া সত্বেও সিস্টেমে অটো আপডেট না হলে সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিসের সাথে যোগাযোগ করতে হবে।
- **১/৭/২০১৬ তারিখের ইনক্রিমেন্ট:**
- "জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী বেতন নির্ধারণের পর সকল কর্মচারীর পরবর্তী বার্ষিক বর্ধিত বেতনবৃদ্ধির তারিখ হইবে ১ জুলাই ২০১৬: তবে শর্ত থাকে যে, নতুন যোগদানকৃত কোন কর্মচারীর কোয়ালিফাইং টাকরির মেয়াদ ন্যূনতম ৬ (ছয়) মাস হইলে তিনি বার্ষিক বেতনবৃদ্ধির সুবিধা প্রাপ্য হইবেন।" [অনুচ্ছেদ-১১]
- উপরে বর্ণিত নির্দেশনা মোতাবেক নিম্নে বর্ণিত কর্মচারীগণ ব্যতীত সকল কর্মচারিকে সিস্টেমের মাধ্যমে স্বয়ংক্রিয়ভাবে ১/৭/২০১৬ তারিখের ইনক্রিমেন্ট দেয়া হয়েছে:-
    ১. নতুন নিয়োগপ্রাপ্ত কর্মচারীগণ,
    ২. নতুন নিয়োগপ্রাপ্ত (বেতন সংরক্ষণ) কর্মচারীগণ,
    ৩. যে সকল কর্মচারীগণকে ১৫.১২.২০১৫ তারিখের ইনক্রিমেন্ট এখনও দেয়া হয়নি,
    ৪. সিলেকশন গ্রেড প্রাপ্ত ৮ম থেকে ৯ম গ্রেডে বেতন পূনঃনির্ধারণের জন্য অপেক্ষমান ক্যাডার কর্মচারীগণ এবং
    ৫. হিসাবরক্ষণ অফিসে কারো কোন বেতন নির্ধারণী চুড়ান্তকরণের অপেক্ষায় থাকলে।

এসব ক্ষেত্রে ১/৭/২০১৬ তারিখের প্রাপ্য ইনক্রিমেন্ট প্রদানের জন্য নিম্নে বর্ণিত প্রযোজ্য পদ্ধতি অনুসরণ করতে হবে:

- ➢ ক্রমিক নং ১ এবং ২ এ বর্ণিত নতুন নিয়োগপ্রাপ্ত যে সকল কর্মচারীগণের চাকুরীতে যোগদানের মেয়াদ ৩০.৬.২০১৬ তারিখে ৬ মাস পূর্ণ হয়েছে তাঁরা ১.৭.২০১৬ তারিখের ইনক্রিমেন্ট প্রাপ্য হবেন। এ জন্য সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিসের সাথে যোগাযোগ করে ১.৭.২০১৬ তারিখের ইনক্রিমেন্ট নবায়ন করাতে হবে।
- ➢ ক্রমিক নং ৩ এ বর্ণিত ১৫.১২.২০১৫ তারিখের প্রাপ্য ইনক্রিমেন্ট গ্রহণের পর ১.৭.২০১৬ তারিখের প্রাপ্য ইনক্রিমেন্ট সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিসের সাথে যোগাযোগ করে নবায়ন করাতে হবে।
- ➢ ৮ম থেকে ৯ম গ্রেডে বেতন পূনঃনির্ধারণের পর সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিসের সাথে যোগাযোগ করে ১.৭.২০১৬ তারিখের ইনক্রিমেন্ট নবায়ন করাতে হবে।
- ➢ হিসাবরক্ষণ অফিসে দাখিলকৃত বেতন নির্ধারণী চুড়ান্ত হওয়ার পর সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিসের সাথে যোগাযোগ করে প্রাপ্য ইনক্রিমেন্ট নবায়ন করাতে হবে। এছাড়া-

- **ইনক্রিমেন্ট বাতিল:** ১৫.১২.২০১৫ এবং ১.৭.২০১৬ তারিখের ইনক্রিমেন্ট প্রাপ্য না হওয়া সত্বেও সিস্টেমে স্বয়ংক্রিয়ভাবে ইনক্রিমেন্ট দেয়া হয়ে থাকলে তা বাতিলের জন্য সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিসের সাথে যোগাযোগ করতে হবে।
- **বদলি ইস্যু এন্ট্রি:** এক হিসাবরক্ষণ অফিসে বেতন নির্ধারণ বিবরণ প্রতিপাদন সম্পন্ন হওয়ার পর, অন্য হিসাবরক্ষণ অফিসের আওতায় বদলি হলে বেতন নির্ধারণ সংক্রান্ত তথ্য অনলাইনের মাধ্যমে বদলি পরবর্তী হিসাবরক্ষণ অফিসে প্রেরণ করতে হবে। প্রয়োজনে এ জন্য সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিসের সাথে যোগাযোগ করতে হবে।